# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৬৭

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ (১৫) সাওমে বিসাল (একবার সাহারী খেয়ে তারপর ইফতার ও সাহারী না খেয়ে নিরবিচ্ছিন্নভাবে কয়েকদিন সিয়াম রাখা) প্রসঙ্গে বর্ণনা

## 15 ـ فَصْلٌ فِي صَوْمِ الْوِصَالِ

আরবী

3567 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ ، عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم ، قَالَ: (لَا تُواصِلُوا) قالوا: يارسول اللَّهِ إِنَّكَ تواصلُ؟ فَقَالَ: (إِنِّي لَسْتُ مِثْلَكُمْ إِنِّي أَبِيتُ يُطعمني رَبِّي وَيَسْقِينِي) فَلَمْ يَنْتَهُوا عَنِ الْوِصَالِ فَوَاصَلَ بِهِمُ النَّبِيُّ صلى الله عليه وسلم يَوْمَيْنِ وَلَيْلَتَيْنِ ثُمَّ رَأَوَا الْهِلَالَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (لو تأخَّرَ الهلال لزِدْتُكُمْ) كالمُنكِّلِ لَهُمْ.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3567 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৫৬৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা সাওমে বিসাল (একবার সাহারী খেয়ে তারপর ইফতার ও সাহারী না খেয়ে নিরবিচ্ছিন্নভাবে কয়েকদিন সিয়াম রাখা) পালন করবে না।” সাহাবীগণ বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি যে সাওমে বিসাল পালন করেন?” তিনি জবাবে বলেন, “নিশ্চয়ই আমি তোমাদের মতো নই। নিশ্চয়ই আমি ঘুমাই আর আমার প্রভু আমাকে খাওয়ান এবং পান করান।” তারপরেও তারা সাওমে বিসাল থেকে বিরত না থাকলে, তিনি তাদেরকে নিয়ে দুই দিন দুই রাত বিসাল সাওম পালন করেন। তারপর তারা নতুন চাঁদ দেখেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যদি নতুন চাঁদ আরো দেরিতে উদিত হতো, তবে আমি তোমাদের নিয়ে এভাবে বিসাল সাওম পালন করতেই থাকতাম।” যেন তিনি তাদেরকে শাস্তি দিতে চেয়েছিলেন।” [1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭৫৩; মুসনাদ আহমাদ: ২/২৮১; সহীহুল বুখারী: ৭২৯৯; মুসনাদ আহমাদ: ২/৫১৬; দারেমী: ২/৮; সহীহ মুসলিম: ১১০৩; সুনান বাইহাকী: ৪/২৮২; বাগাবী: ১৭৩৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৫৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92901

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন